# জাতির প্রয়োজনে সরকারকে সহযোগিতা করবে বিরোধী দল: জামায়াত আমির



বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

দেশের বর্তমান পরিস্থিতি ভালো নয় উল্লেখ করে জাতির প্রয়োজনে সরকার চাইলে যেকোনো সময় বিরোধী দল সহযোগিতা করবে বলে জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।

শনিবার (১২ সেপ্টেম্বর) বিকেলে টাঙ্গাইলে সাংগঠনিক সফর শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন।

শফিকুর রহমান বলেন, দেশ শুধু সরকারের নয়, বিরোধী দলেরও দেশের প্রতি দায়িত্ব রয়েছে। সরকার ও বিরোধী দলকে একসঙ্গে কাজ করে দেশ গঠনে ভূমিকা রাখতে হবে।

সম্প্রতি জ্বালানি ও বিদ্যুৎ খাতে তৈরি হওয়া সংকট নিয়েও কথা বলেন তিনি। এ বিষয়ে সংসদে ৬৮ বিধিতে নোটিশ দেওয়ার কথা উল্লেখ করে তিনি বলেন, গত ৭ সেপ্টেম্বর বিষয়টি নিয়ে সংসদে আলোচনা হয়েছে এবং সরকার ও বিরোধী দলের সদস্যরা বক্তব্য দিয়েছেন।

LENS ASIA

জ্বালানি সংকট মোকাবিলায় দেশে ও বিদেশে থাকা দক্ষ কারিগরি বিশেষজ্ঞদের কাজে লাগানোর প্রস্তাব দেওয়া হলেও সরকারের কাছ থেকে এখনো সাড়া পাওয়া যায়নি বলে জানান জামায়াত আমির। তবে সংশ্লিষ্ট প্রতিমন্ত্রী একটি বিশেষজ্ঞ টিম গঠন করে প্রস্তাব দেওয়ার কথা জানিয়েছেন বলেও উল্লেখ করেন তিনি।

ছয় দফা জনদাবি আদায়ে তারা দ্বিতীয়বারের মতো রাজপথে নেমেছেন জানিয়ে শফিকুর রহমান বলেন, আন্দোলনের নামে ভাঙচুর, অগ্নিসংযোগ কিংবা দেশের ক্ষতি করতে চান না তারা। জনগণকে সঙ্গে নিয়ে শান্তিপূর্ণভাবে দাবি আদায়ের আন্দোলন চালিয়ে যাওয়ার কথা জানান তিনি।

তিনি বলেন, জনগণের জন্য আন্দোলন করে তাদেরই ক্ষতি করতে চান না। একসময় সরকার জনগণের দাবিগুলো বিবেচনা করে তা মেনে নিতে বাধ্য হবে।